15

দৈনিক জনকণ্ঠ

তারিখ 22 MAR 1998

পৃষ্ঠা ১১ কলাম ৪

# ঢাকা ভার্সিটির সম্মান শ্রেণীতে ভর্তি ফরম বিক্রি আজ শুরু

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** ঢাকা বিশ্ববিদ্যালয়ে ১৯৯৭-৯৮ শিক্ষাবর্ষের সম্মান শ্রেণীতে ভর্তি পরীক্ষার ফরম আজ থেকে বিক্রি শুরু হচ্ছে। এ বছর ভর্তি ফরমের মূল্য নির্ধারিত হয়েছে দু'শ' টাকা। আগামী ২২ এপ্রিল পর্যন্ত দীর্ঘ এক মাস এই ফরম বিক্রি চলবে।

বিভিন্ন অনুষদের ভর্তি পরীক্ষার ফরম ক্যাম্পাসের তিনটি ব্যাংক থেকে সংগ্রহ করা যাবে। বিজ্ঞান অনুষদের ফরম (ক ইউনিট) কার্জন হল এলাকার অগ্রণী ব্যাংক থেকে, বাণিজ্য অনুষদের ফরম (গ ইউনিট) রেজিস্ট্রার বিল্ডিং-এর সোনালী ব্যাংক থেকে এবং কলা অনুষদ ও সমাজ বিজ্ঞান অনুষদের ফরম (খ ও ঘ ইউনিট) টিএসসির জনতা ব্যাংক থেকে সংগ্রহ করা যাবে।

আগামী ২ মে থেকে বিভিন্ন অনুষদের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। চলতি বছর ভর্তি পরীক্ষা পদ্ধতি অপরিবর্তিত থাকছে। পূর্বের মতোই নৈর্ব্যক্তিক পদ্ধতিতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। তবে এবছর পরীক্ষার খাতা মূল্যায়ন হবে কম্পিউটারের মাধ্যমে। গত বছর সাড়ে চার হাজার আসনের জন্য প্রায় ষাট হাজার ফরম বিক্রি হয়েছিল।